জনকণ্ঠ

৬

তারিখ 19 SEP 1993
পৃষ্ঠা ৮ কলাম ৬

## বরিশালবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ হচ্ছে না

# শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের কাজ অজ্ঞাত কারণে ফাইলবন্দী

শওকত মিলটন, বরিশাল, ১৮ সেপ্টেম্বর (সংবাদদাতা)।– সাবেক এরশাদ সরকারের সময় বরিশালে একটি শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের যে সিদ্ধান্ত নেয়া হয়েছিল তা অজ্ঞাত কারণে ফাইলচাপা পড়েছে। ফলে বরিশালবাসীর দীর্ঘদিনের একটি দাবি পূরণ হচ্ছে না।

১৯৯০ সালের ৫ জুলাই তৎকালীন শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ স্থানীয় জগদীশ স্বারস্বত বালিকা বিদ্যালয়ে শিক্ষক সমিতি ফেডারেশনের এক সভায় বরিশালে শিক্ষাবোর্ড স্থাপনের প্রতিশ্রুতি দেন। উল্লেখ্য, এ ব্যাপারে এ অঞ্চলের জনগণের সাথে সাথে শিক্ষকরা প্রতিটি সরকারের কাছে এ বিষয়ে দাবি জানিয়ে আসছিল।

কাজী জাফর আহমেদের প্রতিশ্রুতি অনুযায়ী ঐ বছরের সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের সভায় বরিশালে একটি শিক্ষা বোর্ড ও একটি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ঐ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ শিক্ষা সচিবকে ১৮ সেপ্টেম্বর নির্দেশ দেন।

পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কয়েকজন কর্মকর্তা বরিশালে শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের জন্য স্থান নির্বাচনে আসেন। এই টিমটি বরিশাল সেচ প্রকল্পের (বিআইপি) পরিত্যক্ত ভবনগুলো নির্বাচন করে।

অপরদিকে তৎকালীন শিক্ষা উপদেষ্টা মোঃ মনসুর আলী সরকার ১৯৯০ সালের ২৪ সেপ্টেম্বর বরিশাল সরকারী মহিলা কলেজে এক সভায় খুব শীঘ্রই বরিশালে শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের কাজ শুরু হবে বলে জানান। ইতোমধ্যে রাজনৈতিক পট পরিবর্তন ঘটে। '৯০-র গণঅভ্যুত্থান ও নির্বাচনের মধ্য দিয়ে বর্তমান সরকার ক্ষমতায় আসে। সেই সাথে 'স্বৈরাচারী সরকারের কর্মকাণ্ড' হিসাবে ফাইলচাপা পড়ে বরিশালের শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের কাজ।

গত বছর বর্তমান সরকারের শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান এক সভায় বরিশালে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপন করা হবে বলে জানিয়েছিলেন। পরবর্তীতে শোনা গিয়েছিল বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় এটি স্থাপন করা হবে কিন্তু পরবর্তীতে এ ব্যাপারে আর কোন অগ্রগতি দেখা যায়নি।

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের একটি বিশ্বস্ত সূত্র জানিয়েছে, শীঘ্রই বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের সম্ভাবনা প্রায় শূন্যের কোঠায়। একই তথ্য শিক্ষা মন্ত্রণালয়ের ঘনিষ্ঠ অপর একটি সূত্র জানিয়েছে।

পর্যবেক্ষক মহলের ধারণা পুরো বিষয়টি এখন রাজনৈতিক রোষানলের শিকার হয়ে ফাইলবন্দী রয়েছে। ফলে বরিশালবাসীর দাবি পূরণ কবে নাগাদ হবে তা কেউ জানে না।